দৈনিক ইত্তেফাক

তারিখ 13 MAR 2017
পৃষ্ঠা ৪ কলাম ৬

# শিক্ষার্থীদের সামনে স্বাধীনতা সংগ্রামের সঠিক ইতিহাস তুলে ধরুন: রাষ্ট্রপতি

■ কিশোরগঞ্জ প্রতিনিধি

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ শিক্ষকমণ্ডলীর উদ্দেশে বলেছেন, শিক্ষার্থীদের সামনে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সংগ্রামের সঠিক ইতিহাস তুলে ধরুন। যাতে তারা দেশপ্রেমে উজ্জীবিত হয়ে ভবিষ্যতে নেতৃত্ব দিতে পারে। এছাড়া প্রতিযোগিতার যুগে টিকে থাকতে হলে ভালো করে পড়াশোনার জন্য অভিভাবকদেরকে সন্তানের প্রতি আরো বেশি মনোযোগী হওয়ার আহ্বান জানান।

তিনি গতকাল রবিবার বিকালে চার দিনের সরকারি সফরের প্রথম দিনে মিঠামইন উপজেলা সদরের মুক্তিযোদ্ধা আবদুল হক ডিগ্রি কলেজ মাঠে আয়োজিত এক সুধী সমাবেশে এসব কথা বলেন।

হাওরাঞ্চলের জীবনমান উন্নয়নে সরকারের নানামুখী পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে রাষ্ট্রপতি বলেন, ৫৭ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে আপনাদের ভোটে আটবার সংসদ সদস্য নির্বাচিত হয়েছি। এ সময়ের মধ্যে ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম উপজেলার যোগাযোগ ব্যবস্থায় উন্নীতকরণসহ সার্বিক উন্নয়নে কাজ করেছি। এখনো এ অঞ্চলের জীবনমান উন্নয়ন বাস্তবায়নের অনেক কাজ চলছে। তিনি আক্ষেপ করে বলেন, নির্বাচনে ভোট কেনাবেচা হয়। এ জন্য জনপ্রতিনিধিরা নির্বাচনের আগের ও পরের চরিত্র পাল্টে ফেলেন। রাষ্ট্রপতি জনগণকে সতর্কতা অবলম্বন করে সৎ ও যোগ্য ব্যক্তিকে ভোট দিয়ে নির্বাচিত করতে পরামর্শ দেন।

অধ্যক্ষ আবদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মো. আফজাল হোসেন এমপি, রাষ্ট্রপতির বড় ছেলে রেজওয়ান আহম্মেদ তৌফিক এমপি, অ্যাডভোকেট সোহরাব উদ্দিন এমপি, জেলা পরিষদ চেয়ারম্যান মো. অ্যাডভোকেট মো. জিল্লুর রহমান প্রমুখ। এর আগে গতকাল দুপুর ১২টা ২০ মিনিটে রাষ্ট্রপতি হেলিকপ্টারে মিঠামইন পৌঁছেন। সেখানে তিনি তার মায়ের নামে প্রতিষ্ঠিত তমিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের তিনতলা ভবন উদ্বোধন করেন। রাষ্ট্রপতি পরে রিকশায় চড়ে উপজেলা সদর বাজার ও বাজারের বিভিন্ন স্থাপনা ঘুরে দেখেন। সন্ধ্যায় মুক্তিযোদ্ধা আব্দুল হক কলেজে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করে মিঠামইনের কামালপুর গ্রামে নিজ বাড়িতে রাত্রিযাপন করেন।

আজ সোমবার তার ইটনা মহেশচন্দ্র বিদ্যানিকেতন পরিদর্শনের কথা রয়েছে। সন্ধ্যা সাড়ে ৬টায় রাষ্ট্রপতি জেলা পরিষদ অডিটোরিয়ামে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে মতবিনিময় শেষে জেলা পরিষদের ডাকবাংলোয় রাত কাটাবেন। কাল মঙ্গলবার রাষ্ট্রপতি অষ্টগ্রাম উপজেলা সদরে পৌঁছে অষ্টগ্রাম রোটারি ডিগ্রি কলেজের রজত জয়ন্তী অনুষ্ঠানে যোগ দিবেন। বিকাল সাড়ে ৩টায় রাষ্ট্রপতি অষ্টগ্রাম খেলার মাঠে সুধী সমাবেশে বক্তব্য রাখবেন। পরে তিনি অষ্টগ্রাম ডাকবাংলোয় রাত্রিযাপন করবেন। আগামী বুধবার সকালে অষ্টগ্রামে বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরির্দশন করে বেলা সাড়ে ১১টায় অষ্টগ্রাম হেলিপ্যাড থেকে হেলিকপ্টারে বঙ্গভবনের উদ্দেশে রওনা হবেন রাষ্ট্রপতি।